গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সার্কেল অফিসারের কার্যালয়,
তেজগাঁও উন্নয়ন সার্কেল,
দোলাইপাড় ঢাকা
www.tejgaoncircle.dhaka.gov.bd

নম্বর: ৪৬.৪১.২৬৯০.০০০০.০০১.১৫.০০২.২৬-৬২ তারিখ:২১/৭/২০২৬

## অফিস আদেশ

বিষয়: "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজার নিয়োজিতকরণের লক্ষে স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি গঠন প্রসঙ্গে।

"ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" বাস্তবায়ন নির্দেশিকার অধ্যায়-৫ এর অনুচ্ছেদ ৫.২ অনুযায়ী তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজার নিয়োজিতকরণের জন্য উপজেলা/পৌরসভা/আঞ্চলিক পর্যায়ে স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি গঠনের বিধান রয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার/ সার্কেল অফিসার কর্তৃক মনোনীত দুই (০২) জন বিশেষজ্ঞ সদস্যের নাম প্রাপ্ত হওয়ায় সমাজসেবা কার্যালয়, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা-এর আওতায় তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজার নিয়োজিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি গঠন করা হলো।

| ক্রমিক | নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ১ | সার্কেল অফিসার<br>তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা | সভাপতি |
| ২ | জনাব মোঃ জাকির হোসাইন<br>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা | সদস্য (বিশেষজ্ঞ) |
| ৩ | জনাব তাসনিয়া উম্মুল ওয়ারা<br>কৃষি সম্প্রসারণ অফিসার<br>থানা সার্কেল কৃষি কর্মকর্তার কার্যালয়<br>তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা | সদস্য (বিশেষজ্ঞ) |
| ৪ | সমাজসেবা অফিসার<br>সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

১। "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজার পদের আবেদনপত্র গ্রহণ, যাচাই-বাছাই, ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং যোগ্য প্রার্থী নির্বাচন করা।
২। নিয়োগ কার্যক্রমে স্বচ্ছতা, নিরপেক্ষতা, জবাবদিহিতা ও মেধাভিত্তিক নির্বাচন নিশ্চিত করা।
৩। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী নির্বাচিত ও অপেক্ষমাণ (Panel) প্রার্থীর তালিকা প্রস্তুত করে অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা।

CamScanner

৪। প্রয়োজনবোধে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র, সনদপত্র এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই করা।

৫। নির্বাচন কার্যক্রম শেষে সুপারিশসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করা।

৬। "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত নির্বাচন-সংক্রান্ত অন্যান্য দায়িত্ব যথাযথভাবে পালন করা।

৭। কমিটির সকল সদস্য সর্বোচ্চ স্বচ্ছতা, নিরপেক্ষতা, জবাবদিহিতা ও গোপনীয়তা বজায় রেখে দায়িত্ব পালন করবেন। কোনো প্রকার ব্যক্তিগত, রাজনৈতিক, সামাজিক বা অন্য কোনো প্রভাব, সুপারিশ কিংবা পক্ষপাতিত্বের উর্ধ্বে থেকে সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে নির্বাচন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৮। নির্বাচন কার্যক্রম চলাকালে প্রাপ্ত সকল তথ্য ও নথির গোপনীয়তা সংরক্ষণ করতে হবে এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোনো তথ্য প্রকাশ করা যাবে না।

এই অফিস আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১/০৭/২০২৬

সার্কেল অফিসার
সার্কেল অফিসারের কার্যালয়,
তেজগাঁও উন্নয়ন সার্কেল,
দোলাইরপাড় ঢাকা
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারী তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি

নম্বর: ৪৬.৪১.২৬৯০.০০০০.০০০১.১৫.০০২.২৬-৬২/১(৯)    তারিখ:২১/৭/২০২৬

সদসয় অবগতির জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১। পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঢাকা।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৬। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
৭। জনাব মোঃ জাকির হোসাইন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
৮। জনাব তাসনিয়া উম্মুল ওয়ারা, কৃষি সম্প্রসারণ অফিসার, থানা সার্কেল কৃষি কর্মকর্তার কার্যালয়, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
৯। অফিস কপি, সংশ্লিষ্ট নথি ।

২১/০৭/২০২৬

সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল,
দোলাইরপাড় ঢাকা

CamScanner